ফাতওয়া নাম্বার: ১৩৩ প্রকাশকালঃ১৯-১২-২০২০ ইং

ঘুষ দিয়ে চাকরি নেওয়ার হুকুম কী?

প্রশ্নঃ-১

বাধ্য হয়ে ঘুষ দিয়ে চাকরি নেওয়ার হুকুম কি? দলিলসহ জানালে উপকৃত হতাম।

প্রশ্নকারী- তামিম

প্রশ্নঃ-২

বর্তমানে প্রায় অধিকাংশ চাকরিই হয় ঘুষের মাধ্যমে। যোগ্যতা থাকলেও এখন আর যোগ্যতার মূল্যায়ন নেই। যে টাকা দিতে পারে তার চাকরি রেডি। ঘুষ দিয়ে চাকরি করাটা কেমন, একটু বিস্তারিত জানালে ভালো হতো।

প্রশ্নকারী-শফিক

উত্তর:

بسم الله الرحمن الرحيم

ঘুষ দেয়া-নেয়া উভয়ই হারাম এবং লা'নত যোগ্য অপরাধ। হাদিসে উভয়ের উপর লা'নত করা হয়েছে।

عن عبد الله بن عمرو، قال: لعن رسول الله – صلى الله عليه وسلم – الراشي والمرتشي". – سنن الترمذي 1337 قال الإمام الترمذي رحمه الله: هذا حديث حسن صحيح. سنن أبي داود 3580، سنن ابن ماجة 2313، قال المحقق شعيب الأرنؤوط رحمه الله: إسناده قوي.

"আব্দুল্লাহ ইবনে আমর রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত; তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘুষদাতা ও গ্রহীতা উভয়কেই লা'নত করেছেন।" –সুনানে তিরমিযি: ১৩৩৭, সুনানে আবু দাউদ: ৩৫৮০, সুনানে ইবনে মাজাহ: ২৩১৩

যোগ্য ব্যক্তিকে বাদ দিয়ে অযোগ্য ব্যক্তিকে চাকরি দেয়া আরেকটি বড় গুনাহ। সুতরাং কেউ যদি ঘুষের বিনিময়ে অযোগ্য লোককে চাকরি দেয়, অথবা কেউ অযোগ্য হয়েও ঘুষ দিয়ে চাকরি নেয়, উভয়ই অনেক বড় অপরাধী গণ্য হবে এবং উক্ত হাদীসের আলোকে লা'নত যোগ্য হবে।

অবশ্য কেউ যদি বাস্তবেই উক্ত চাকরির যোগ্য হয়, তাহলে চাকরিটি পাওয়া তার অধিকার। কিন্তু তথাপিও যদি ঘুষ ব্যতীত চাকরিটি না পাওয়া যায়, তাহলে নিজের প্রাপ্য অধিকার আদায়ের জন্য ঘুষ দিয়ে চাকুরি নেয়ার অবকাশ আছে। এতে সে গোনাহগার হবে না; ঘুষ গ্রহীতা গোনাহগার হবে। দেখুন মাআলিমুস সুনান-খাত্তাবি: ৪/১৬১, রদ্দুল মুহতার: ৬/৪২৩, আলমুহাল্লা: ৮/১১৮

উল্লেখ্য, এজন্য চাকরিটা অবশ্যই বৈধ হতে হবে। কুফরি বা হারাম চাকরির তো এমনিতেই সুযোগ নেই, ঘুষ দিয়ে নেয়ার তো প্রশ্নই আসে না।

কোন ধরনের চাকরি বৈধ আর কোন ধরনের চাকরি অবৈধ- এবিষয়ে আপনি নিম্নোক্ত ফতোয়াগুলো দেখতে পারেন:

১. সরকারী বেতন হালাল কি?
https://fatwaa.org/২০২০/০৫/০৩/৯১২/

২. সরকারি চাকরি করা কি বৈধ? https://fatwaa.org/২০২০/০৪/১৫/৭৬৭/

৩. ইংলিশ মিডিয়াম স্কুলে শিক্ষকতা করার হুকুম কী?
https://fatwaa.org/২০২০/১০/০৮/১৭৩১/

৪. ইসলামিক ফাউন্ডেশনের অধীনে কুরআন শিক্ষা প্রকল্পে চাকরি করার হুকুম কি? https://fatwaa.org/২০২০/০৯/২৩/১৬৮৭/

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১লা জুমাদাল উলা ১৪৪২ হি.

১৭ ডিসেম্বর ২০২০ ইং